

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭০৫ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ কতিপয় যিকরের বিশেষ মাহাত্ম্য

## আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ خُذُوا جُنَّتَكُمْ قَالُوا : يَا رَسُوْلَ اللهِ أَمِنْ عَدُوِّ قَدْ حَضَرَ ؟ قَالَ : لا وَلَكِنْ جُنَّتُكُمْ مِنَ النَّارِ قَوْلُ : سُبْحَانَ اللهِ وَالْحَمْدُ للهِ وَلا إِلٰهَ إِلا اللهُ وَاللهُ أَكْبَرُ فَإِنَّهُنَّ يَأْتِينَ يَوْمَ الْقِيَامَةِ مُجَنِّبَاتٍ وَمُعَقِّبَاتٍ وَهُنَّ الْبَاقِيَاتُ الصَّالِحَاتُ الصَّالِحَاتُ السَّالِحَاتُ الصَّالِحَاتُ السَّالِحَاتُ السَّالِحَالَ اللهُ اللهُ

## বাংলা

(৩৭০৫) আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমরা তোমাদের ঢাল সংগ্রহ কর। তাঁরা বললেন, 'হে আল্লাহর রসূল! কোন শক্র উপস্থিত হল কি?' তিনি বললেন, না। বরং জাহান্নাম থেকে বাঁচার ঢাল। তোমরা 'সুবহানাল্লাহ', 'আলহামদু লিল্লাহ', 'লা- ইলাহা ইল্লাল্লাহ' ও 'আল্লাহু আকবার' বল। যেহেতু এগুলি কিয়ামতের দিন অগ্রণী হয়ে, আযাব রোধক হয়ে, ক্রমাগতভাবে শুভ-পরিণাম হয়ে উপস্থিত হবে। আর এগুলিই হল স্থায়ী সৎকর্ম।

## ফুটনোট

(নাসাঈর কুবরা ১০৬৮৪, হাকেম ১৯৮৫, বাইহাক্কীর শুআবুল ঈমান, সঃ তারগীব ১৫৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন